

বগুড়া মেডিক্যাল কলেজে অনির্দিষ্টকালের ধর্মঘট

বগুড়া থেকে নিজস্ব সর্বোদ্যোগে :
ছাত্রদল প্রয়াত জিয়াউর রহমান মেডিক্যাল
কলেজ কমিটির সদস্য আলী সাদামত
উদ্ভাহ স্বপনের ওপর হামলাকারীদের
শ্রেণিকার, ক্যাম্পাস থেকে সন্ত্রাসী,
চাঁদাবাজ এবং জুয়াড়ীদের আতঙ্ক
উচ্ছেদসহ ৯ দফা দাবি আদায়ে ওই
কলেজে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট
ডেকেছে।

ছাত্রদল মেডিক্যাল কলেজ কমিটি
সোমবার সন্ধ্যায় বগুড়া শ্রেণিকারে এক
সাংবাদিক সম্মেলনে ওই কর্মসূচি ঘোষণা
করে। লিখিত বক্তব্য পাঠ করেন ওই
মেডিক্যাল কলেজ শাখার ছাত্রদল সভাপতি
আ.ন.ম মনোয়ারুল কাদের বিটু। হামলার
জন্য তিনি ছাত্রলীগ অথবা ছাত্র শিবিরের
হস্তক্ষেপের ধাক্কা সন্ত্রাসীদের দায়ী করে
বলেন, এ হামলা পরিকল্পিত। তবে

হামলার কারণ সম্পর্কে তিনি কিছু বলতে
পারেননি।

কলেজ সূত্রে জানা গেছে, তৃতীয় বর্ষের
ছাত্র স্বপন সহপাঠীদের সঙ্গে গল্পশেষে
রোববার রাত ৯টার ক্যাম্পাসে ফেরার

সময় সন্ত্রাসীরা তার ওপর হামলা চালায়।
চিকিৎসকরা জানান, হামলার তার ডান
চোখ নষ্ট হয়ে গেছে।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে
উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক জাহিরুল
ইসলাম জাহির, টিপু সুলতান, মেসোদার
হোসেন, শিবলী আল-আমিন, রেজাউল
করিম রেজা, আমিনুল এহুছান, আকাস
উদ্দিন, আহসানুল্লাহমান শিক্কে, শরীফুল
আলম, মিজা মাসুদ রহমান, এবিএম
কায়সার, সৌরভ সরকার, আলী রেজা
ফারুক, হাসানুল হোসেন, শাহনু বিদ্বাস,
মনিরুল ইসলাম, নাসিম আল ইসলাম,
রাশেদুল হাসান, আহসানুল কবীর,
এএফএম মাহবুবুল আলম ও মীর
সুফিয়ান।

রাত সাড়ে ৭টার বিএনপি শহর কমিটির
সভাপতি আলী আজগর হেনা
সাংবাদিকদের জানান, মেডিক্যাল কলেজ
নেতৃবৃন্দ তাদের আহৃত ধর্মঘট প্রত্যাহারের
আশ্বাস দিয়েছেন।

অন্য সূত্রে জানায়, রোববার রাত সাড়ে
৯টার দিকে স্বপন বগুড়া মোহাম্মদ আলী
ধর্মঘট ৪ পৃষ্ঠার পর ৫

ধর্মঘট : বগুড়া মেডিক্যাল (১ম পৃষ্ঠার পর)

হাসপাতালের সামনে পরমানু চিকিৎসা
কেন্দ্রের পাশে এক বাছুরী সাথে গুল
করছিল। এ সময় ৩/৪ জন সন্ত্রাসী
অতর্কিতে তার উপর হামলা করে। এ সময়
তার চিকিৎসার এলাকাবাসী এগিয়ে এলে
সন্ত্রাসীরা পালিয়ে যায়।

এলাকাবাসী জানান, কয়েকজন সন্ত্রাসী
বেশ কিছুদিন ধরে মেডিকেল কলেজ
ক্যান্টিনের মালিক বুলু মিয়া'র কাছে চাঁদা
দাবি করে আসছিল। এ ব্যাপারে স্বপন ওই
সন্ত্রাসীদের চাঁদাঝাতিতে বাধা দিয়েছিল।
তাদের ধারণা, এর প্রতিশোধ নিতেই
সন্ত্রাসীরা তার ওপর হামলা চালায়। অন্য
একটি সূত্রে দাবি করেছে কলেজে ছাত্রদলের
দু'থুপের কোষালের জের ধরে প্রতিপক্ষ
স্বপনের উপর হামলা করে। তবে, ছাত্রদল
এ অভিযোগ অস্বীকার করেছে। পুলিশ
এবং ছাত্ররা জানান, কয়েকজন সন্ত্রাসী
ছাত্রী হোস্টেলে ঢোকান চেষ্টা করলে স্বপন
তাদের বাধা দেয় এ নিয়ে কথা কাটাকাটির
এক পর্যায়ে তারা স্বপনকে ছুরিকাঘাত
করে।

অন্যদিকে সন্ত্রাসীদের শ্রেণিকার ও
দু'টাকমূলক শাসিত, কলেজের সামনে ছাত্রী
পুলিশ ক্যাম্প স্থাপনসহ ৯ দফা দাবি
আদায়ে ছাত্রদল কলেজ শাখার সভাপতি
বিটু ও সাধারণ সম্পাদক জাহির স্বাক্ষরিত
স্বাক্ষরকপিপি সোমবার দুপুরে প্রশাসনের
কাছে হস্তান্তর করা হয়। পরে
তাত্ক্ষণিক সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য
রাশেদ, নাজমা আশতার, মৌ, সায়মা,
মিজুল, এহসান, মাসুম, সালেহ, টিপু,
সাফি ও সালাম। এ ঘটনায় কলেজ
ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।
ছাত্র-ছাত্রীদের মধ্যে আতঙ্ক ও কোভ
বিরাজ করছে।